

পাতা মোড়ানো পোকা (Leaf Roller Insect)

পোকা পরিচিতি

পূর্ণবয়স্ক পাতা মোড়ানো পোকা এক ধরণের মথ। মথের গায়ের রং বাদামী এবং পাখায় আড়াআড়ি ভাবে ২-৩টি দাগ থাকে। পাতা মোড়ানো পোকাকার জীবন চক্রে ডিম, কীড়া, পুতলি ও বয়স্ক মথ সহ চারটি স্তর থাকে। পূর্ণবয়স্ক স্ত্রী মথ পাতার মধ্য শিরার নিকটে একটি একটি করে ডিম পাড়ে এবং ৫-৭ দিনের মধ্যে ডিম থেকে কীড়া বের হয়। কীড়াগুলো এদের দেহ হতে এক ধরণের আঠালো পদার্থ নিসৃত করে যার মাধ্যমে পাতা মোড়ানো সম্ভব হয়। কীড়াগুলো মোড়ানো পাতার মধ্যেই জীবন কাটায়। তিন থেকে চার সপ্তাহের মধ্যে কীড়াগুলো পুতলিতে পরিণত হয়। পুতলির জীবনকাল প্রায় এক সপ্তাহ এবং পূর্ণবয়স্ক মথ ৭-১০ দিন বেঁচে থাকতে পারে।



পাতা মোড়ানো পোকাকার মথ

ক্ষতির লক্ষণ

পাতা মোড়ানো পোকাকার কীড়া পাতা লম্বালম্বি মুড়িয়ে ভিতরের সবুজ অংশ খায় এবং আক্রান্ত স্থানে লম্বালম্বি সাদা দাগ দেখা যায়। ধান রোপণের প্রাথমিক পর্যায় থেকে কাইচ খোর হওয়া পর্যন্ত সময়ে এ পোকাকার আক্রমণ বেশী হলে ধানের বৃদ্ধি মারাত্মক হ্রাস পায়। খুব বেশী ক্ষতি হলে পাতা পুড়ে যাওয়ার মতো দেখায় এবং ফলন কমে যায়।



আক্রমণের লক্ষণ

সমন্বিত বালাই ব্যবস্থাপনা

- জমিতে পর্যাপ্ত ডাল-পালা পুতে দিয়ে পোকা থেকে পাখি বসার ব্যবস্থা করা;
- ধানের জমিতে ডিমের গাদা সংগ্রহ করে তা ধ্বংস করা;
- হাত জাল দিয়ে মথ সংগ্রহ করে ধ্বংস করে ফেলা;
- রাতের বেলায় আলোক ফাঁদ দিয়ে পূর্ণঙ্গ মথ আকৃষ্ট করে মেরে ফেলা;
- পরজীবী বা উপকারী পোকাকার সংরক্ষণ ও সংখ্যা বৃদ্ধির জন্য কীটনাশক প্রয়োগ যথাসম্ভব পরিহার করা;
- শতকরা ২৫ ভাগ পাতা ক্ষতিগ্রস্ত হলে বাজারে অনুমোদিত বিভিন্ন কীটনাশক যেমন- সেভিন ৮৫ এসপি, প্লেনাম ৫০ ডব্লিউ জি, সপসিন, মিপসিন, একতারা, মেকতারা, এডমেয়ার, ফরাটাপ, সানটাপ, কাটাপ, এসাটাক, মার্শাল বা অন্যান্য অনুমোদিত কীটনাশক বোতল বা প্যাকেটের গায়ে লেবেলে দেয়া সঠিক মাত্রায় প্রয়োগ করতে হবে;
- কীটনাশক অবশ্যই রৌদ্রোজ্জ্বল বিকেল বেলায় প্রয়োগ করতে হবে।

আরো তথ্যের জন্য:

পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপ-সহকারী কৃষি অফিসার বা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।

